

১৩৪ নং

তাল—ঠুংরী

সারু দোকানী, দোকান সারু ।

ঐ দেখ, বেলা গেল সন্ধ্যা হল

নেমে এল অন্ধকার ।

১। বেলা যে তার ডুবু ডুবু,

তবু বুস আর হয় না কভু,

তোর যে জীবনকান্তি নিবু নিবু,

বসে চিন্তা করিস্ কার ?

২। পিছনে তোর কেবা আছে,

আয় ফিরে তুই চাস্ না পাছে,

এবার দোকান-পাতি নে না গুছে,

ভেঙ্গে গেল হাট বাজার ॥

৩। ভবের হাটে দোকান পাতি,

তুই হ'লি লোকসানের সাথী,

হাতে কিছু নাই পুঁজি-পাতি,

কেমনে যাবি ভব পার ॥

৪। যেদিন যাবি খেয়া ঘাটে,

কি যেন তোর ঘটে ঘাটে,

তোর যে মরতে হবে মাথা কুটে,

ঘাট মাঝি না খোলবে দ্বার ॥